ইজরায়েলি সেনার গুলিতে নিহত ৫৯ প্যালেস্তিনীয়

নিউজ ব্যুরো, ১৫ মে ঃ সোমবার জেরুজালেমে আমেরিকার দূতাবাস উদ্‌বোধনের অনুষ্ঠানকে কেন্দ্র করে গাজা–ইজরায়েল সীমান্তে সংঘর্ষ চলার সময় ইজরায়েলি বাহিনীর গুলিতে অন্তত ৫৯ জন প্যালেস্তিনীয়র মৃত্যু হয়, আহত হন প্রায় ২৭০০ জন। এই ঘটনার জন্য হোয়াইট হাউস হামাসকে দায়ী করেছে। ইজরায়েল বলেছে, গাজা সীমান্ত বরাবর ১৩টি এলাকায় অন্তত ৪০ হাজার প্যালিস্তিনীয় হিংসাত্মক ঘটনায় শামিল হন। প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর বক্তব্য, হামাস চায় ইজরায়েলকে ধ্বংস করতে। আমেরিকা তাদের দূতাবাস জেরুজালেমে সরানোয় বিশ্বজুড়ে তার সমালোচনা শুরু হয়েছে। আমেরিকার সিদ্ধান্তের সমালোচনা করেছে ফ্রান্স এবং তারা ইজরায়েলকে সংযত থাকতে বলেছে। তাদের বক্তব্য, আমেরিকা রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের গৃহীত প্রস্তাব লঙ্ঘন করেছে। ব্রিটেনও আমেরিকার সিদ্ধান্তের বিরোধিতা করেছে। ব্রিটিশ বিদেশমন্ত্রী বরিস জনসন বলেছেন, 'আমেরিকা ভুল সময়ে ভুল কার্ড খেলেছে।' গাজায় সংঘর্ষের মোকাবিলায় ইজরায়েলের ভূমিকার সমালোচনা করে তিনি বলেছেন, 'গাজার বিক্ষোভে কেউ কেউ উসকানি দিচ্ছে, সেটা আমরা বুঝতে পারছি। কিন্তু বিক্ষোভ থামাতে বন্দুক ব্যবহার না করে সেখানে আরও ধৈর্য ধরা উচিত ছিল।' প্যালেস্তাইনের প্রেসিডেন্ট মাহমুদ আব্বাসকে ফোন করে শোকপ্রকাশ করেছেন তুরস্কের প্রধানমন্ত্রী রিসেপ তায়িপ এরদোয়ান।

গাজায় ইজরায়েলি বাহিনীর গুলিতে মৃত্যুর ঘটনায় উদ্‌বেগ প্রকাশ করেছেন রাষ্ট্রসংঘের মহাসচিব আন্তনিও গুতেরেস। মৃত্যুর ঘটনায় শোক প্রকাশ করতে ধর্মঘট ডেকেছে প্যালেস্তাইন লিবারেশন অরগানাইজেশন (পিএলও)। লেবাননের প্রধানমন্ত্রী সাদ হারিরি বলেছেন, আমেরিকার এই পদক্ষেপ উসকানিমূলক। এর ফলে মধ্যপ্রাচ্যে উত্তেজনা বাড়বে। মিশরের বিদেশমন্ত্রক এক বিবৃতিতে বলেছে, ইজরায়েল শান্তিপূর্ণ বিক্ষোভকারীদের উপর শক্তি প্রয়োগ করেছে। এমন পদক্ষেপের নেতিবাচক পরিণতি সম্পর্কেও ইজরায়েলকে সতর্ক করেছে মিশর। এই পরিস্থিতিতে মাহমুদ আব্বাস জানিয়ে দিয়েছেন, মধ্যপ্রাচ্যে আমেরিকার ভূমিকায় তাঁদের আস্থা নেই এবং শান্তি প্রতিষ্ঠায় আমেরিকার তরফে কোনো প্রস্তাব এলে তাঁরা তা গ্রহণ করবেন না।

ইজরায়েলি সেনার উদ্দেশ্যে পাথর ছুড়ছে এক প্যালেস্তিনীয়। – পিটিআই

আমেরিকা ও ইজরায়েল থেকে রাষ্ট্রদূত সরাল তুরস্ক

আঙ্কারা, ১৫ মে ঃ আমেরিকা ও ইজরায়েল থেকে রাষ্ট্রদূত সরিয়ে নিল ইজরায়েল। আমেরিকা ইজরায়েলে তাদের দূতাবাস তেল আভিভ থেকে জেরুজালেমে সরানোর প্রতিবাদে তুরস্কের এই সিদ্ধান্ত। ওই দুই দেশ থেকে রাষ্ট্রদূতদের ডেকে পাঠানো হয়েছে। সম্প্রতি তুরস্কের প্রধানমন্ত্রী রিসেপ তায়িপ এরদোয়ান জেরুজালেমে মার্কিন দূতাবাস সরানোর সিদ্ধান্তের সমালোচনা করেন। সোমবার লন্ডনে তিনি বলেন, 'এই সিদ্ধান্তের মাধ্যমে আমেরিকা মধ্যপ্রাচ্যে তাদের গুরুত্ব হারিয়েছে। তাদের এই সিদ্ধান্ত দুর্ভাগ্যজনক। এর ফলে আন্তর্জাতিক আইন লঙ্ঘন করা হয়েছে। তাই এই সিদ্ধান্ত আমরা আরও একবার প্রত্যাখ্যান করছি।' এরদোয়ানের মতে, ইজরায়েল একটি জঙ্গি রাষ্ট্র এবং গাজায় ওই দেশ যা করছে তা গণহত্যার শামিল।

তেল আভিভ থেকে দূতাবাস সরানোর প্রতিবাদ

বিজেপি-আইপিএফটি জোটে দ্বন্দ্ব ত্রিপুরায়

আগরতলা, ১৫ মে ঃ ব্লক উপদেষ্টা কমিটিগুলির (বিএসি) চেয়ারম্যানের পদ নিয়ে বিজেপির সঙ্গে জোটসঙ্গী আইপিএফটি–র দ্বন্দ্ব শুরু হয়েছে। আইপিএফটি পথে নেমে আন্দোলন শুরু করায় মুখ্যমন্ত্রী হুঁশিয়ারি বার্তা দিয়েছেন তাদের বিরুদ্ধে। ত্রিপুরায় দু–মাস আগে জোটের নেতা হিসেবে মুখ্যমন্ত্রী বিপ্লব দেব শপথ নেওয়ার পর এখনও দু–দলের সম্পর্ক তেমন দানা বাঁধেনি। ত্রিপুরা ট্রাইবাল এরিয়াস অটোনমাস ডিস্ট্রিক্ট কাউন্সিল (এডিসি)–এর পদাধিকারীদের নিয়ে জোটের দুই শরিকদল ঐকমত্যে পৌঁছোতে পারছে না। বিএসি–এর ৬০ শতাংশ চেয়ারম্যানের পদ তাদের দলের কর্মীদের জন্য দাবি করেছে আইপিএফটি। বিজেপি চায় প্রার্থীদের যোগ্যতার ভিত্তিতে মনোনয়ন।

তাদের দাবি আদায়ে আজ আইপিএফটি–র সমর্থকরা জাতীয় সড়ক অবরোধ করে। পরে অবশ্য অবরোধ তুলে নেয় তারা। গত সোমবার লেফুঙ্গা ব্লক দপ্তর ঘেরাও করেছিল তারা। এছাড়াও তিনদিন আগে বিজেপির সঙ্গে তাদের সংঘাতে যে তিনজন দলীয় কর্মীকে গ্রেফতার করা হয়েছিল তাদের মুক্তির জন্য চম্পাহোরা থানাতেও বিক্ষোভ দেখায় আইপিএফটি সমর্থক ও কর্মীরা। মুখ্যমন্ত্রী আইপিএফটি–কে হুঁশিয়ার করে দিয়ে বলেছেন, 'জনগণ হল আমার প্রথম অগ্রাধিকার। আইপিএফটি–র এই ধরনের বিক্ষোভ দৈনন্দিন জনজীবনে বিঘ্ন ঘটাচ্ছে। যদি এটা ফের করা হয় তবে আমার সরকার তা বরদাস্ত করবে না।' বিপ্লব দেব তাঁর মন্ত্রীসভার সদস্য তথা আইপিএফটি–র সভাপতি এন সি দেববর্মার সঙ্গে এ নিয়ে আলোচনাও করেছেন। দেববর্মা জানিয়েছেন, মুখ্যমন্ত্রী বিএসি–র চেয়ারম্যান নিযুক্তি নিয়ে তাঁদের দাবি বিবেচনার আশ্বাস দেওয়ার পর এদিন কিছুক্ষণের মধ্যেই পথ অবরোধ তুলে নেওয়া হয়। গত দু–সপ্তাহ ধরে জোটের দুই শরিকের মধ্যে যে প্রকাশ্য দ্বন্দ্ব তা নিরসনের জন্য তিনজন বিজেপির প্রতিনিধি এবং দুজন আইপিএফটি প্রতিনিধিকে নিয়ে জোট সমন্বয় কমিটি গঠিত হয়েছে।

ইরাকের ভোটে এগিয়ে মার্কিন বিরোধী নেতা

বাগদাদ, ১৫ মে ঃ ইরাকের নির্বাচনে অপ্রত্যাশিতভাবে এগিয়ে রয়েছে মার্কিন বিরোধী হিসেবে পরিচিত নেতা মকতাদা আল সদরের নেতৃত্বাধীন জোট । ভোটগণনার শুরুতেই বর্তমান প্রধানমন্ত্রী হায়দার আল আবাদির পিছিয়ে পড়ার ছবি স্পষ্ট হয়ে যায়। প্রাথমিক হিসেবে জানা গিয়েছে, আল সদরের জোট সারা দেশে ১৩ লক্ষের বেশি ভোট পেয়েছে। দ্বিতীয় স্থানে থাকা হাদি আল আমিরির জোট পেয়েছে ১২ লক্ষের কিছু বেশি ভোট। হায়দার আল আবাদির জোট পেয়েছে ১০ লক্ষ ভোট। ইরাকে আমেরিকার অভিযান শুরু হওয়ার পর তাদের বিরুদ্ধে বিক্ষোভে নেতৃত্ব দিয়েছিলেন আল সদর, যদিও ইরানের সঙ্গে তাঁর সম্পর্ক আছে বলে শোনা যায়নি। বরং মাসতিনেক আগে আল সদরের নেতৃত্বাধীন জোটের উত্থানের ব্যাপারে সতর্ক করে দিয়েছিলেন ইরানের ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আল খামেনি। তাঁর কথা ছিল, 'উদারপন্থী ও কমিউনিস্টদের ইরাক শাসনের সুযোগ করে দিতে পারি না আমরা।' আল সদর অবশ্য নিজেকে জাতীয়তাবাদী হিসেবে পরিচয় দেন। ইরাকের তরুণ ও গরিব মানুষের মধ্যে তিনি ব্যাপক জনপ্রিয়।

মেলানিয়ার কিডনিতে অস্ত্রোপচার

ওয়াশিংটন, ১৫ মে ঃ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের স্ত্রী মেলানিয়া ট্রাম্পের কিডনি থেকে একটি টিউমার অপারেশন করে বাদ দেওয়া হয়েছে। সোমবার ওই অস্ত্রোপচার হয়। তারপর থেকে তিনি ওয়াশিংটনের লাগোয়া একটি মেডিকেল সেন্টারে আছেন। সেখানকার মুখপাত্র জানিয়েছেন, 'অস্ত্রোপচার সফল হয়েছে। কোনো জটিলতা দেখা দেয়নি।' মেলানিয়াকে অন্তত এক সপ্তাহ হাসপাতালে থাকতে হবে। অস্ত্রোপচারের পরে হাসপাতালে গিয়ে স্ত্রীকে দেখে আসেন ট্রাম্প। বিশেষজ্ঞ চিকিৎসক কিথ কাওয়ালচেক জানিয়েছেন, 'এটি সাধারণ একটি টিউমার। শরীরের অন্য অংশে ছড়িয়ে পড়ার কোনো আশঙ্কা নেই। একবার চিকিৎসা করলেই এটি ভালো হয়ে যায়।'

২ লক্ষ টাকার জন্য মেয়ে ও নাতি-নাতনিদের খুন

ভুবনেশ্বর, ১৫ মে ঃ কয়েকদিন আগে জগৎসিংহপুর জেলায় মহানদীতে এক মহিলা এবং তিন নাবালক–নাবালিকার মৃতদেহ পাওয়া গিয়েছিল। মৃতরা মামুনি শেঠি, তাঁর কন্যা বর্ষা (১০), দিশা (৮) এবং তাঁর ছেলে মুনা (৫)। চাঞ্চল্যকর এই ঘটনায় দ্রুত তদন্তে নামে পুলিশ। আজ খুনের দায়ে মামুনির বাবা অক্ষয় শেঠিকে আটক করেছে পুলিশ। জেরায় ওই ব্যক্তি খুনের কথা স্বীকার করেছে। জানা গিয়েছে, মামুনির কাছে থাকা ২ লক্ষ টাকার জন্যই মেয়ে ও তার সন্তানদের খুন করেছে অক্ষয়। সাম্প্রতিক অতীতে মামুনির স্বামী বিশ্বম্ভরের পথ দুর্ঘটনায় মৃত্যু হয়। বিশ্বম্ভর যে সংস্থায় কাজ করত, সেই সংস্থা মামুনিকে ৩ লক্ষ টাকা দেয়। এছাড়াও জীবনবিমা থেকে ২ লক্ষ টাকা পায় মামুনি। প্রথমে মামুনির শ্বশুরবাড়ির লোককে সন্দেহ করা হলেও পরে অক্ষয়কে জেরা করে রহস্যের কিনারা হয়। চারজনকেই শ্বাসরোধ করে হত্যা করে মহানদীতে ফেলে দেয় ওই ব্যক্তি।

YOUR GATEWAY TO
OVER 600 CAREERS

NSHM KNOWLEDGE CAMPUS

Admissions 2018 | 26 UG & 21 PG courses
Courses offered: All courses affiliated to MAKAUT (formerly known as WBUT) and approved by AICTE, as applicable.

BUSINESS & MANAGEMENT
UG courses
BBA
BBA (Supply Chain Management)
BBA (Sports Management)
BBA (Global Business)
PG courses
MBA Specialisations offered in: Marketing Finance | HRM
MBA (P.T.) Specialisations offered in: Marketing | Finance | HRM
PGDM Specialisations offered in: Retail BFSI | Human Capital Management Supply Chain Management
PGDM E-Commerce

MEDIA, DESIGN & COMMUNICATION
UG courses
B.Sc. in Media Science
B.Sc. in Fashion Design & Management
B.Sc. in Multimedia, Animation & Graphics
B.Sc. in Interior Designing
PG courses
M.Sc. in Media Science
M.Sc. in Fashion Management
M.Sc. in Visual Communication
M.Sc. in Digital Films

COMPUTING, BASIC & APPLIED SCIENCES
UG courses
BCA
B.Sc. in Gaming & Mobile Application Development
PG courses
M.Sc. in Data Science & Analytics
M.Sc. in Human Computing & AI
M.Sc. in Information & Cyber Security
M.Sc. in Computer Science

ALLIED HEALTH SCIENCES
UG courses
B.Pharm.
BBA (Hospital Management)
Bachelor of Optometry (B.Optom.)
B.Sc. in Medical Lab Technology
B.Sc. in Behavioural Science & Applied Psychology
PG courses
Master of Hospital Administration (MHA)
M.Pharm. (Pharmacology | Pharmaceutics)
Master of Optometry (M.Optom.)
Master of Public Health
M.Sc. in Clinical Psychology
M.Sc. in Dietetics & Nutrition

HOSPITALITY & TOURISM
UG courses
Bachelor in Hotel Management & Catering Technology (BHMCT)
Bachelor of Hotel Management (BHM)
B.Sc. in Culinary Science
Bachelor in Travel & Tourism Management (BTTM)
PG courses
M.Sc. in Hospitality Management
Master of Tourism & Travel Management (MTTM)

ENGINEERING & TECHNOLOGY
UG courses
B.Tech. - Electrical Engineering
B.Tech. - Civil Engineering
B.Tech. - Electronics & Communication Engineering
B.Tech. - Computer Science & Engineering
B.Tech. - Mechanical Engineering
Diploma - Civil Engineering
Diploma - Mechanical Engineering
PG courses
M.Tech. - Electronics & Communication Engineering

Admission to non-AICTE (PG/UG) courses will be through Common Entrance Test (CET) conducted by MAKAUT.

NSHM Knowledge Campus, Kolkata:
124, B.L. Saha Road (nearest metro stn. Rabindra Sarobar), Kolkata 700 053 | Ph: (033) 2403 2300
NSHM Knowledge Campus, Durgapur:
Arrah, Shibtala, via Muchipara, Durgapur 713 212
Ph: (0343) 253 3813/14

Admission Helpline
Kolkata: 99330 49434
Durgapur: 99330 49448
www.nshm.com
innercircleindia.com

55801 নিউ বঙ্গাইগাঁও-গুয়াহাটি প্যাসেঞ্জার এবং 15769 আলিপুরদুয়ার-লামডিং ইন্টারসিটি এক্সপ্রেস-এর সংশোধিত সময়সূচি

জানুয়ারি-2018-এর পূর্বে 55801 এবং 15769 ট্রেনদুটির সময়সূচি পুনরুদ্ধারের নেওয়া সিদ্ধান্ত 21.05.2018 তারিখ থেকে কার্যকর হবে। বিস্তারিত বিবরণ নিম্নরূপ:

55801 নিউ বঙ্গাইগাঁও-গুয়াহাটি মানস রাইনো প্যাসেঞ্জারের সময়সূচি

বর্তমান সময়সূচি		স্টেশন	সংশোধিত সময়সূচি	
পৌঁছবে	ছাড়বে		পৌঁছবে	ছাড়বে
---	04.25	নিউ বঙ্গাইগাঁও	---	04.50
04.32	04.33	বঙ্গাইগাঁও	04.57	04.58
04.41	04.42	চাপরাকাটা	05.06	05.07
04.53	04.54	বিজনি	05.17	05.18
05.04	05.05	পাতিলাদহ	05.28	05.29
05.14	05.15	সরভোগ	05.38	05.39
05.25	05.26	বরপেটা রোড	05.49	05.50
05.34	05.35	গুয়াগাছা হল্ট	05.58	05.59
05.43	05.44	সরুপেটা	06.07	06.08
05.54	05.55	পাঠশালা	06.18	06.19
06.02	06.03	নিজসরিহ হল্ট	06.26	06.27
06.11	06.12	তিহু	06.35	06.36
06.22	06.23	কৈথালকুচি	06.48	06.49
06.46	06.47	নলবাড়ি	07.13	07.14
07.06	07.07	ঘোগরাপাড়	07.25	07.26
07.17	07.19	রঙ্গিয়া জংশন	07.45	07.47
07.30	07.31	কেন্দুকোনা	08.04	08.05
07.38	07.39	বাইহাটা	08.12	08.13
07.58	07.59	চাংসারি	08.23	08.24
08.14	08.15	আগিয়াঠুরি	08.42	08.43
08.29	08.30	কামাখ্যা জংশন	08.54	08.55
08.50	---	গুয়াহাটি	09.15	---

15769 আলিপুরদুয়ার জংশন-লামডিং ইন্টারসিটি এক্সপ্রেসের সময়সূচি

বর্তমান সময়সূচি		স্টেশন	সংশোধিত সময়সূচি	
পৌঁছবে	ছাড়বে		পৌঁছবে	ছাড়বে
---	03.20	আলিপুরদুয়ার জংশন	---	03.45
04.06	04.07	গোসাইগাঁও হাট	04.25	04.26
04.19	04.20	চৌতারা	04.37	04.38
04.31	04.32	ফকিরাগ্রাম জংশন	04.49	04.50
04.43	04.45	কোকরাঝাড়	05.02	05.03
04.53	04.54	বাসুগাঁও	05.19	05.20
05.15	05.20	নিউ বঙ্গাইগাঁও	05.40	05.45
05.26	05.27	বঙ্গাইগাঁও	05.51	05.52
05.41	05.42	বিজনি	06.06	06.07
05.57	05.58	সরভোগ	06.22	06.23
06.07	06.09	বরপেটা রোড	06.32	06.34
06.26	06.27	পাঠশালা	06.51	06.52
06.42	06.43	তিহু	07.02	07.03
06.53	06.54	কৈথালকুচি	07.33	07.34
07.13	07.14	নলবাড়ি	07.52	07.53
07.45	07.47	রঙ্গিয়া জংশন	08.18	08.20
09.00	09.02	কামাখ্যা	09.23	09.25
09.15	09.30	গুয়াহাটি	09.40	09.55
10.43	10.44	দিগারু	10.43	10.44
11.04	11.05	বরাহু	11.04	11.05
11.18	11.20	জাগীরোড	11.18	11.20
11.48	11.50	চাপরমুখ জংশন	11.48	11.50
12.14	12.15	কামপুর	12.14	12.15
12.26	12.27	যমুনামুখ	12.26	12.27
12.42	12.43	হোজাই	12.42	12.43
12.56	12.57	লঙ্কা	12.56	12.57
14.00	---	লামডিং জংশন	14.00	---

rail badhe desh badhe
জেনারেল ম্যানেজার (অপারেশনস), মালিগাঁও
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

প্রাণে বাঁচলেন যোগী আদিত্যনাথ

কাশগঞ্জ, ১৫ মে ঃ উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের নিরাপত্তা ব্যবস্থায় বড়োসড়ো ত্রুটি ধরা পড়ল। কাশগঞ্জের একটি স্কুলের মাঠে মুখ্যমন্ত্রীর হেলিকপ্টার নামার জন্য অস্থায়ী হেলিপ্যাড তৈরি করা হয়েছিল। সেখানে নামার পরিবর্তে হঠাৎই প্রায় দুই কিলোমিটার দূরের মাঠে জরুরি অবতরণ করে হেলিকপ্টারটি। মুখ্যমন্ত্রী নিরাপদেই রয়েছেন। পরে তিনি তাঁর গন্তব্যে রওনা হন এবং পূর্ব নির্ধারিত সূচি মেনেই তাঁর সফর হয়েছে বলে জানিয়েছেন রাজ্যের মুখ্যসচিব (স্বরাষ্ট্র) অরবিন্দ কুমার। ফারাউনি গ্রামে তিনজন খুন হয়েছিলেন। নিহতদের পরিবারের সঙ্গে দেখা করতেই কাশগঞ্জে আসেন যোগী। হেলিকপ্টারটি কেন জরুরি অবতরণ করল, সেই বিষয়ে অবশ্য প্রশাসনের তরফে কিছু জানানো হয়নি।

আজকের দিনটি

শ্রীদেবাচার্য্য
৯৪৩৪৩১৭৩৯১

মেষঃ আপনার সম্পদ পেতে বিলম্ব হবে। সংসারের কোনো সদস্যের শরীর নিয়ে দুর্ভাবনা। সঞ্চয়ে আজ মন দিন। প্রেমের ঝামেলা কাটবে। নেত্রপীড়া। বৃষ ঃ কর্মক্ষেত্রে বিলম্ব হলেও পদোন্নতির খবর পাচ্ছেন। গৃহসংস্কার করতে গিয়ে পড়শির বাধা। মিথুন ঃ যার জন্য দীর্ঘদিন করেছেন সে আজকে আপনার বিরুদ্ধে কথা বলবে। সন্তানদের জন্য গর্ববোধ। চাকুরি ক্ষেত্রে পদোন্নতির সম্ভাবনা। প্রেমে কলহ। কর্কট ঃ কৃষিজীবীরা ভালো লাভ করবেন। প্রেমের সঙ্গীর কাছে গিয়ে আপনার সমস্ত কথা খুলে বলুন। সংকট মিটে যাবে। হঠাৎ কাউকে বিশ্বাস করে ঠকবেন। পেটের সমস্যা। সিংহ ঃ ব্যবসায় কর্মচারীদের সঙ্গে আপস আলোচনাই করতে হবে। সংসারে অন্য কারও হস্তক্ষেপে অশান্তি। ভ্রমণের পরিকল্পনায় সংসারকে সঙ্গে রাখুন। প্রেমের সঙ্গীকে অবিশ্বাস করলে আজ ঠকবেন। কন্যা ঃ শারীরিক দিক থেকে সুস্থতা ফিরবে। কর্মক্ষেত্রে পদোন্নতির সংবাদ পেতে পারেন। হারিয়ে যাওয়া প্রিয়জনের সংবাদ পাবেন। কোনো অনুষ্ঠানে প্রেমের প্রস্তাব পেতে পারেন। নেত্রপীড়া। তুলা ঃ আজ বিদ্যার্থীদের জন্য সাফল্য। বহু ব্যয়ে আর্থিক দুশ্চিন্তা। সংসারে আত্মীয় সমাগমে আনন্দ। ঋণশোধ করার চেষ্টা করুন। হঠাৎ মাথা গরম করে অস্বস্তিকর অবস্থায় পড়বেন। শরীরভাব শুভ। বৃশ্চিক ঃ কম পরিচিত ব্যক্তির প্রলোভনে অর্থক্ষতি। দীর্ঘদিনের কোনো পরিকল্পনা আজ পূর্ণতা পাবে। ক্রীড়া ও সংগীতজগতের মানুষ হলে কৃতিত্বের সম্মান পেতে পারেন। মাজা ও হাঁটুর যন্ত্রণা কাবু করে ফেলতে পারে। ধনু ঃ ব্যবসায় দিনের প্রথমভাগে মন্দাভাব চলবে। হঠাৎ কোনো প্রয়োজনে দূরে যেতে হতে পারে। কর্মক্ষেত্রে সুনাম অক্ষুণ্ণ থাকবে। সন্তানের মেধার বিকাশ দেখে আনন্দ। হাড়ে আঘাত ভোগাবে। মকর ঃ দিনের প্রথমেই গৃহে আসবে কোনো আনন্দ সংবাদ। পুত্রের বিবাহ স্থির হওয়ায় আনন্দ। আপনি জাতক হলে স্ত্রীর পরামর্শ মেনে নিলে সফল হবেন। প্রিয় বিচ্ছেদ। কুম্ভ ঃ ব্যবসায়ে বাড়তি বিনিয়োগ আজ নয়। প্রেমের সঙ্গীকে কেউ আপনার বিরুদ্ধে প্ররোচিত করছে। আজ তাকে সমস্ত কথা খুলে বলুন। রাস্তায় বিতর্কে জড়াবেন না। শরীর শুভ। মীন ঃ মা–বাবার শরীর নিয়ে দুশ্চিন্তা থাকবে। লেখক, অধ্যাপক ও চিকিৎসকরা আজ কৃতিত্বের সম্মান পেতে পারেন। পূর্বের কোনো কাজের জন্য অনুশোচনা। সন্তানের আবদার আজ মেনেই নিন । শরীর নিয়ে চিন্তা করবেন না।

দিনপঞ্জি

বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা মতে আজ বুধবার ১৬ মে, ২০১৮, ১ জ্যৈষ্ঠ, ১৪২৫, মুং ২৯ শাবান, ১৬ মে। তিথি–(মল জ্যৈষ্ঠ শুক্লপক্ষ) প্রতিপদ দং ২৪।৩০ দিবা ঘ ২।৩৮। নক্ষত্র–কৃত্তিকা দং ৯।৫৮ দিবা ঘ ২।৮। যোগ–অতিগণ্ড দং ৮।৫ দিবা ঘ ৮।১৫। করণ–বব দিবা ঘ ১।২২ পরে গর রাত্রি ঘ ২।৩৯। লগ্ন–উদয় মেষ দং ২।৪৫।৪৩, অস্ত তুলা দং ৩।৪০।৪৭। চন্দ্রশুদ্ধ–পূর্বদিনের রাশির। তারাশুদ্ধ–পূর্বদিনের নক্ষত্রের, রাত্রি ১০।৩৩ গতে ২১।২২।২৪।২৬।১।৩।৪।৬।৮।১০।১২।১৩।১৫।১৭। নক্ষত্রের। জন্মে–বৃষরাশি বৈশ্যবর্ণ নরগণ অঃ শুক্রর বিং কেতুর দশা রাত্রি ঘ ১০।৩৩ গতে নরগণ অঃ গুরুর বিং শুক্রের দশা। মৃতে দোষোনাস্তি। অমৃতযোগ–দিবা ঘ ৬।৫০ মধ্যে পুনঃ ৭।৪১ গতে ১০।১৭ মধ্যে পুনঃ ১২।৫ গতে ২।৩৪ মধ্যে পুনঃ ৪।১৬ গতে অস্তাবধি। রাত্রি ঘ ৭।২৯ গতে ৮।৫৮ মধ্যে পুনঃ ২।৫৩ গতে ৩।৩৮ মধ্যে। মাহেন্দ্রযোগ–রাত্রি ঘ ১০।২৭ গতে ১১।১১ মধ্যে পুনঃ ৩।৩৮ গতে উদয়াবধি। বারবেলা–ঘ ৮।২০ গতে ১১।৩৪ গতে দক্ষিণে। যাত্রা–নক্ষত্র শুভ, যাত্রা শুভ তিথ্যমৃতযোগ পশ্চিমে নাস্তি দিবা ঘ ৭।২৬ গতে নৈঋতে অগ্নিকোণেও নাস্তি। দিবা ঘ ৮।২০ গতে যাত্রা নাস্তি বারবেলাদিদোষ, দিবা ঘ ১১।৩৪ গতে যাত্রা শুভ পশ্চিমে নাস্তি, রাত্রি ঘ ১০।৩৪ গতে ঔষধকরণ ও সেবন, ক্রয়বাণিজ্য, গাত্রহরিদ্রা, ধান্যস্থাপন, নৌকাগঠন, বিক্রয়বাণিজ্য, বীজবপন, বৃক্ষরোপণ, ভূমিক্রয় বিক্রয়, হলপ্রবাহ। শ্রাদ্ধ–প্রতিপদের একো ও সপি এবং দ্বিতীয়ার সপি। অভক্ষ্য–দিবা ঘ ২।২৮ মধ্যে কুষ্মাণ্ড পরে বৃহতী ভক্ষণ নিষেধ।